

নাগরিক ব্যক্তিদের জন্য বিদেশী মুদ্রা অ্যাকাউন্ট-এর নতুন সুবিধা

১লা নভেম্বর, ২০০২

বর্তমানে একজন ভারতীয় নাগরিক ২০০০ মার্কিনডলার অবধি নগদে এবং/অথবা ট্রেভেলার্স চেক-এ রাখতে পারেন যদি ওই পরিমাণ অর্থপ্রাপ্তি হয়ে থাকে :

- (ক) পরিষেবার অর্থপ্রদান করে ভারতবর্ষের বাইরে কোনও জায়গায় ভ্রমণকালে,
- (খ) কোনও ব্যক্তির কাছ থেকে, যে ভারতের নাগরিক নয় অথবা যে ভারতে ভ্রমণের জন্য এসেছেন, কোনও আইন সংক্রান্ত বিষয়ের নিষ্পত্তির জন্য,
- (গ) ভরতবর্ষের বাইরে ভ্রমণকালে কোনও কাজের জন্য পারিশ্রমিক হিসাবে অথবা পুরস্কার হিসাবে,
- (ঘ) কোনও অনুমোদিত ব্যক্তির বিদেশ ভ্রমণকালে খরচ না করা পরিমাণ হিসাবে।

নাগরিক ব্যক্তিদের প্রাপ্য বিদেশী মুদ্রা বিনিময়ের সুবিধা আরও উদার করার একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসাবে, এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে একজন ভারতীয় নাগরিককে ভারতের একটি ব্যাংকে (যেই ব্যাংকটি অনুমোদিত ডিলারও) একটি বিদেশী মুদ্রা অ্যাকাউন্ট খুলতে, রাখতে ও চালিয়ে যেতে অনুমতি দেওয়া হবে। এই অ্যাকাউন্টটির নাম হবে রেসিডেন্ট ফরেন কারেন্সি (ডোমেস্টিক) অ্যাকাউন্ট এবং উপরোক্ত (ক) থেকে (ঘ) অবধি খাত থেকে প্রাপ্য বিদেশী মুদ্রা এই অ্যাকাউন্ট-এ নাগরিক রাখতে পারবেন।

এখন পর্যন্ত নাগরিককে ২০০০ মার্কিনডলার-এর অধিক অর্থ সমর্পণ করে টাকাতে পরিনত করার প্রয়োজন ছিল। এই কর্মপন্থা প্রবর্তিত হওয়ায়, নাগরিক এখন ওই অর্থ যে কোনও বিদেশী মুদ্রায় তার রেসিডেন্ট ফরেন কারেন্সি (ডোমেস্টিক) অ্যাকাউন্ট-এ জমা রাখতে পারেন, অথবা তাদের ইচ্ছা অনুযায়ী টাকায় পরিনত করে একাউন্টে জমা রাখতে পারেন। এই নতুন রেসিডেন্ট ফরেন কারেন্সি (ডোমেস্টিক) অ্যাকাউন্ট খোলা, ২০০০ মার্কিনডলার অবধি অর্থ নগদে অথবা/এবং বিদেশী মুদ্রার ট্র্যাভেলার্স চেক-এ রাখার বর্তমান সুবিধার অতিরিক্ত।

রেসিডেন্ট ফরেন কারেন্সি (ডোমেস্টিক) অ্যাকাউন্ট-এর ব্যালেন্স অর্থ ভারতীয় নাগরিকদের বর্তমান বিদেশী মুদ্রা নিয়ন্ত্রণ অনুসারে অনুমোদিত যে কোনও উদ্দেশ্যে (যেমন, ভ্রমণ, বিদেশে চিকিত্সার খরচ, ৫০০০ মার্কিনডলার অবধি উপহার, ইন্টারনেট-এর মাধ্যমে অথবা সরাসরি পুস্তক ক্রয়, বিদেশে শিক্ষা ইত্যাদি) খরচ করা যেতে পারে।

যতক্ষণ পর্যন্ত বিদেশী মুদ্রা বিনিময় উপরোক্ত অনুমোদিত উপায়ে হবে, রেসিডেন্ট ফরেন কারেন্সি (ডোমেস্টিক) অ্যাকাউন্ট-এর ব্যালেন্স-এর কোনও উচ্চ সীমারেখা বাঁধা থাকবে না। এই অ্যাকাউন্টটি চেক-এর সুবিধা সহ কারেন্ট অ্যাকাউন্ট হিসাবে গণ্য হবে।

বর্তমান বিদেশী মুদ্রা বিনিময় নিয়ন্ত্রণ পরিবর্তনের প্রয়োজনীয় নোটিফিকেশন আলাদা ভাবে প্রকাশ করা হচ্ছে। নোটিফিকেশন প্রকাশিত না হওয়া অবধি দ্রুত আঞ্চলিক অফিসগুলি এই অ্যাকাউন্ট খোলার অনুমতি দেবে।

এক বছর পর এই সুবিধাটি পুনর্বিবেচনা করা হবে এবং আসল অভিজ্ঞতা অনুযায়ী কর্মপন্থাটি তখন সংশোধন/উদার করা হতে পারে।

পি.ভি.সদানন্দন
ম্যানেজার